পূর্বাঞ্চল

তারিখ ... ... JUL 12 1998
পৃষ্ঠা 7 কলাম 6

31

# পটুয়াখালী সরকারি মহিলা কলেজটি নানা সমস্যায় জর্জরিত

পটুয়াখালী প্রতিনিধি

হাজারও সমস্যায় জর্জরিত পটুয়াখালী সরকারি মহিলা কলেজ। প্রতিষ্ঠার পর এ পর্যন্ত একটি ছাত্রীনিবাস এবং একটি বিজ্ঞান ভবন নির্মাণ ছাড়া দীর্ঘ তেত্রিশ বছরেও কলেজটির অবকাঠামোগত কোন পরিবর্তন হয়নি।

কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, ছাত্রীনিবাস তত্ত্বাবধায়ক, শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীদের বসবাসের জন্য কোন বাসস্থানের ব্যবস্থা নেই। এছাড়া কলেজে কোন গ্রন্থাগার ভবন, অডিটরিয়াম, কমন রুম ও জিমনেসিয়াম নেই। গেটে প্রহরী থাকার জন্য কোন ঘর নেই, অভিভাবক অতিথিদের বসার জন্য কোন ওয়েটিং রুম নেই। কলেজের একমাত্র ছোট খেলার মাঠটি এত নিচু যে, বর্ষাকালে মাঠটি পানিতে ডুবে থাকে। ছাত্রীনিবাসের ছাত্রীদের নিরাপত্তার জন্য নৈশ প্রহরীর পদটি জন্মলগ্ন থেকে শূন্য। এছাড়াও কলেজে মঞ্জুরিকৃত ৩৮ জন শিক্ষকের মধ্যে ১৩ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে।